

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩১৩১

পর্ব-১৩: বিবাহ (১৫১)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - বিয়ের ওয়ালী (অভিভাবক) এবং নারীর অনুমতি গ্রহণ প্রসঙ্গে

আরবী

وَعَنْ عَائِشَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «أَيُّمَا امْرَأَةٍ نَكَحَتْ بِغَيْرِ إِذْنِ وَلَيِّهَا فَنِكَاحُهَا بَاطِلٌ فَنِكَاحُهَا بَاطِلٌ فَإِنْ دَخَلَ بِهَا فَلَهَا الْمَهْرُ بِمَا اسْتَحَلَّ مِنْ فَرْجِهَا فَإِنْ الشَّتَجَرُوا فَالسُّلْطَانُ وَلِيُّ مِن لَا ولي لَهُ» . رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَأَبُو مَنْ فَرْجِهَا فَإِنِ اشْتَجَرُوا فَالسُّلْطَانُ وَلِيُّ مِن لَا ولي لَهُ» . رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَأَبُو مَنْ فَرْجِهَا فَإِنْ مَاجَهُ والدارمي

বাংলা

৩১৩১-[৬] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে কোনো নারী তার ওয়ালীর (অভিভাবকের) অনুমতি ছাড়া বিয়ে করবে; তার বিয়ে বাত্বিল (না-মঞ্জুর, পরিত্যক্ত), তার বিয়ে বাত্বিল, তার বিয়ে বাত্বিল। যদি এরূপ বিয়েতে স্বামীর সাথে সহবাস হয়ে থাকে, তবে স্ত্রীর মোহর দিতে হবে তার (লজ্জাস্থান) উপভোগ (হালাল) করার জন্যে। আর যদি তাদের (ওয়ালীগণের) মধ্যে আপোসে মতবিরোধ দেখা দেয়, তবে যার ওয়ালী নেই শাসক (প্রশাসন) তার ওয়ালী (বলে বিরেচিত) হবে।

(আহমাদ, তিরমিযী, আবূ দাউদ, ইবনু মাজাহ ও দারিমী)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৩০৮৩, তিরমিয়ী ১১০২, ইবনু মাজাহ ১৮৭৯, আহমাদ ২৪২০৫, দারিমী ২২৩০, ইরওয়া ১৮৪০, সহীহ আল জামি' ২৭০৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা : ইমাম তিরমিয়ী (রহঃ) বলেনঃ "ওয়ালী ছাড়া বিবাহ হবে না" এ কথার উপর বিদ্বান সাহাবীগণের 'আমল রয়েছে। তাদের মধ্য 'উমার ইবনুল খত্ত্বাব, 'আলী ইবনু আবূ তালিব, 'আব্দুল্লাহ বিন 'আব্বাস ও আবূ হুরায়রাহ্ (রাঃ)-সহ প্রমুখগণ বিশেষভাবে উল্লেখযোগ্য এবং তাবি'ঈনদের মধ্য হতে ফুকাহা কিরামগণ অনুরূপ বর্ণনা



দিয়েছেন। তাদের মধ্য হতে সা'ঈদ বিন মুসায়ব, হাসান আল বাসরী, শুরাইহ, ইব্রাহীম আন্ নাখ'ঈ ও 'উমার বিন 'আবদুল 'আযীয-সহ প্রমুখগণ উল্লেখযোগ্য। এছাড়াও সুফ্ইয়ান আস্ সাওরী, আওযা'ঈ, 'আব্দুলাহ বিন মুবারাক, ইমাম শাফি'ঈ, আহমাদ ও ইসহক (রহঃ)-গণ এটাই বলেছেন। ('আওনুল মা'বূদ ৪র্থ খন্ড, হাঃ ২০৮৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন